## মে/২০২৪খ্রি. মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী<br>জেলা প্রশাসক, ময়মনসিংহ |
| সভার তারিখ | : ২৬ মে ২০২৪খ্রি. |
| সভার সময়ঃ | : দুপুর ১২:০০ টা |
| স্থানঃ | : অনলাইন (Zoom Software এর মাধ্যমে) |
| উপস্থিতিঃ | : ৩০ (ত্রিশ) জন (সংযুক্ত)। |

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে মে/২০২৪ মাসের জেলা আইসিটি সভার কার্যক্রম শুরু করেন। পরবর্তীতে, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ সদস্য সচিব কে ময়মনসিংহ জেলার আইসিটি কার্যক্রমের উপর বিস্তারিত উপস্থাপনার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব ময়মনসিংহ জেলার আইসিটি কমিটির মাসিক সভার কার্যক্রম পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে তুলে ধরেন। বিস্তারিত উপস্থাপনার পর নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

### ২. জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার আলোচ্য বিষয়, সিদ্ধান্ত ও বাস্তবায়নঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ ময়মনসিংহ জেলায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে ১৫৩টি। ২য় পর্যায়ে ২০০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ১১টি সংসদীয় আসন থেকে ১১টি স্কুল অফ ফিউচারসহ সর্বমোট ২১১টি ল্যাব প্রদান করা হয়েছে। বর্তমানে সর্বমোট ল্যাবের সংখ্যা ৩৬৪টি। ল্যাবসমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। পরিদর্শনের কিছু সচিত্র প্রতিবেদন তুলে ধরা হয়। ময়মনসিংহ জেলায় মে/২০২৪ এ ৪৬টি ল্যাব পরিদর্শনের প্রতিবেদন পাওয়া গেছে। | ল্যাবসমূহের সুষ্ঠু ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও মেরামত এবং পরিচালনা সংক্রান্ত উপজেলা কমিটির তদারকি জোরদার করতে হবে। ল্যাব মনিটরিং এর জন্য সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত পরিদর্শন এবং রিপোর্ট প্রেরণ অব্যাহত রাখবেন। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি); সভপতি মহোদয়ের পক্ষে জেলা শিক্ষা অফিসার কে এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে ১১টি স্কুল অফ ফিউচারসহ সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাব অগ্রাধিকার ভিত্তিতে পরিদর্শনের জন্য অনুরোধ করেন। পরিদর্শন শেষে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়াও, আসন্ন ঈদ-উল-আজহা এবং গ্রীষ্মকালীন বন্ধের সময় ল্যাবসমূহের নিরাপত্তা জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>জেলা শিক্ষা অফিসার ময়মনসিংহ<br>প্রোগ্রামার<br>সহকারী কমিশনার (আইসিটি)<br>সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.২ | কানেক্টিভিটিঃ Infosarker-II এর মাধ্যমে উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরসমূহে এবং Infosarker-III এর মাধ্যমে ময়মনসিংহ জেলার ১৩টি উপজেলায় ১৪৫টি ইউনিয়নের মধ্যে ১০৬টি ইউনিয়নে ফাইবার অপটিক কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম সম্পন্ন হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে উক্ত ইন্টারনেট সংযোগ ও ইউনিয়ন পর্যায়ে স্থাপিত সার্ভারের | Infosarker-II প্রকল্পের আওতায় উপজেলা ভিত্তিক সরকারি দপ্তরে কানেক্টিভিটি এবং ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় এ জেলায় ১০৬টি ইউনিয়নে ফাইবার অপটিক কানেক্টিভিটিসহ ওয়াইফাই সংযোগ স্থাপন করা হয়েছে। উক্ত ইন্টারনেট কানেক্টিভিটিসমূহ সচল রয়েছে কিনা তা যথাক্রমে Fiber@Home এবং Summit Communications Ltd. এর মাধ্যমে উপজেলা ভিত্তিক প্রতিবেদন | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>প্রোগ্রামার<br>সহকারী প্রোগ্রামার (সকল)<br>ডেপুটি ম্যানেজার, |

| | | | |
|---|---|---|---|
| | সার্বিক অবস্থা তদারকির নির্দেশনা প্রদান করেন। | সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলার সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখবেন এবং প্রতিবেদন প্রেরণ করবেন। | সামিট কমিউনিকেশনস্ লি.,ময়মনসিংহ<br><br>ডেপুটি ম্যানেজার, ফাইবার@হোম, ময়মনসিংহ |
| ২.৩ | ই-নথি/ডি-নথি প্রশিক্ষণ ও বাস্তবায়নঃ ২০২৩-২৪ অর্থ বছরে জেলা পর্যায়ে ০১টি ব্যাচে ৩০ জন কে ডি-নথি প্রশিক্ষণ প্রদান করার জন্য তালিকা প্রস্তুত করা হয়েছে। আগামী ৩০ মে ২০২৪ তারিখে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর বিগত ০৩ মাসের ই-নথি বিষয়ক রিপোর্ট সভায় তুলে ধরা হয়। কেন্দ্রীয় পর্যায় থেকে জেলা ও উপজেলা পর্যায়ে ই-নথি সিস্টেমে মাসিক রিপোর্ট প্রদান বন্ধ রয়েছে। | ই-নথি/ডি-নথি কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষণ প্রাপ্ত অফিসসমূহ দ্রুত লাইভে নিয়ে আসতে হবে। জেলা ও উপজেলা কার্যালয়ের ই-নথি/ডি-নথি কার্যক্রম গতিশীল করার জন্য যেসকল সরকারি অফিস লাইভে আছে সেসকল অফিসকে তাগিদ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী কমিশনার (আইসিটি)<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.৪ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্তঃ জেলা পর্যায়ে ১৩৪টি সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ রিপোর্টের অবস্থান তুলে ধরা হয়। এখানে ময়মনসিংহ জেলা পোর্টালের অবস্থা ১০০% হালনাগাদ থাকলেও এ জেলার আওতাধীন পোর্টালসমূহের ৮৪% হালনাগাদ অবস্থায় রয়েছে। ওয়েব পোর্টাল হালনাগাদের ১০টি Top Grader এর সরকারি অফিস এবং ১০টি Lowest Grader এর রিপোর্ট তুলে ধরা হয়।<br><br>এছাড়া উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ রিপোর্টের অবস্থান তুলে ধরা হয়। সদস্য সচিব জানান যে, সকল উপজেলাসমূহের নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ রয়েছে। কিন্তু অন্যান্য দপ্তর শতভাগ হালনাগাদ নেই। এছাড়াও কমিটির সদস্য জেলা শিক্ষা অফিসার জানান যে, সরকারি স্কুল ও কলেজসমূহের ওয়েব পোর্টালের হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। | জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি অফিসের ওয়েব পোর্টালসমূহ শতভাগ হালনাগাদ করার জন্য সকল দপ্তরকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। যেসকল সরকারি দপ্তর এ ওয়েব পোর্টাল হালনাগাদ কম সে সকল দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, সরকারি স্কুল ও কলেজের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সরকারি স্কুল ও কলেজের ওয়েব পোর্টালের হালনাগাদ প্রতিবেদন জেলা শিক্ষা অফিসার প্রদান করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>দপ্তর প্রধান (সকল)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>জেলা শিক্ষা অফিসার<br><br>প্রোগ্রামার<br><br>সহকারি কমিশনার (আইসিটি)<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.৫ | পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ ও আউটসোর্সিং প্রশিক্ষণঃ ময়মনসিংহ জেলার সকল স্কুল অফ ফিউচার সংশ্লিষ্ট | পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণের ৬৬টি ব্যাচের মধ্যে ৫২টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ০৪টি ব্যাচের প্রশিক্ষণ চলমান | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) |

| | | | |
|---|---|---|---|
| | ল্যাবে স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে পাইথন প্রোগ্রামিং এর প্রশিক্ষণ চলমান রয়েছে। ১১টি স্কুল অফ ফিউচার এর প্রতিটিতে ০৬টি করে মোট ৬৬টি ব্যাচ অনুষ্ঠিত হচ্ছে। প্রতি ব্যাচে ১৫ জন করে মোট ৯৯০ জন প্রশিক্ষণার্থী অংশ নিচ্ছে।<br><br>এছাড়াও, গৌরীপুর উপজেলায় ৩৫ দিন ব্যাপী ২৫ জন করে ০২টি ব্যাচের মোট ৫০ জনের আউটসোর্সিং প্রশিক্ষণ (ডিজিটাল মার্কেটিং ও গ্রাফিক্স ডিজাইন) আগামী ০৬ জুন ২০২৪ তারিখে শুরু হবে। | রয়েছে এবং ১০টি ব্যাচের প্রশিক্ষণ বাকী আছে। উক্ত ১০টি ব্যাচের প্রশিক্ষণ দ্রুততম সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আউটসোর্সিং প্রশিক্ষণ চলাকালে নিয়মিত মনিটরিং অব্যাহত থাকবে এবং কোন প্রশিক্ষণার্থী যাতে উক্ত প্রশিক্ষণে অনুপস্থিত না থাকে সে বিষয়টি সহকারী প্রোগ্রামার, গৌরীপুর নিশ্চিত করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |

৩.অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)
জেলা প্রশাসক, ময়মনসিংহ
ও
সভাপতি
জেলা আইসিটি বিষয়ক কমিটি, ময়মনসিংহ

স্মারক নম্বরঃ ৫৬.০৪.৬১০০.০০০.০৬.০০১.১৯.৬৬ তারিখঃ ০৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ / ২৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি/অবগতি ও কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১। মাননীয় সংসদ সদস্য (সকল), ময়মনসিংহ।
০২। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৩। সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
০৯। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ।
১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ।
১১। অধ্যক্ষ, আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ।
১২। অধ্যক্ষ, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ।
১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ।
১৪। জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ।
১৫। উপ-পরিচালক, জেলা সমাজসেবা অফিস, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
১৬। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ।
১৭। বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, ময়মনসিংহ।
১৮। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ।

১৯। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
২০। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
২১। প্রধান শিক্ষক, ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ।
২২। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ময়মনসিংহ।
২৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, বিসিসি।
২৪। জনাব ফারামার্জ আল নূর রাজিব, এডভোকেট, জজ কোর্ট, ময়মনসিংহ।
২৫। জনাব হুমায়ুন কবীর, ডেপুটি ম্যানেজার, ফাইবার@হোম লিমিটেড, ময়মনসিংহ।
২৬। জনাব বুলবুল হোসেন, সাধারণ সম্পাদক, আইসিটি ডেভেলপমেন্ট ফোরাম, ময়মনসিংহ।
২৭। জনাব মোঃ খুরশীদ আলম, সাধারণ সম্পাদক, আইসিটি শিক্ষক ফোরাম, ময়মনসিংহ।
২৮। জনাব মোঃ মোখলেছুর রহমান, পরিচালক, আনন্দ মাল্টিমিডিয়া, ময়মনসিংহ।
২৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩০। অফিস কপি।

২৬/০৫/২০২৪

নূরে আলম সিদ্দীকী
প্রোগ্রামার
ও
সদস্য সচিব
জেলা আইসিটি বিষয়ক কমিটি, ময়মনসিংহ